# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

## DHAKA POWER DISTRIBUTION COMPANY LTD.

(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)

Website: www.dpdc.gov.bd

স্মারক নং- ৮৭.৪০৪.৪০১.১১.০৫.০০২.২০২২.২০৬

তারিখ: ৩০ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ / ১৪ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) একটি সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে এর নির্ধারিত ভৌগোলিক এলাকায় বিদ্যুৎ সরবরাহ, পরিচালন ও সংরক্ষণ এবং বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে। কোম্পানির নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক [প্রতিবার চুক্তি সর্বোচ্চ ০৩ বছরের জন্য (প্রথমবার এক বছর শিক্ষানবীশ কালসহ)] নিয়োগের লক্ষ্যে সৎ, নিবেদিত, উদ্যোগী, প্রতিকূল অবস্থায় চ্যালেঞ্জ গ্রহণে আগ্রহী এবং কোম্পানি কর্তৃক নির্ধারিত কাজ করার মানসিকতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। সংস্থা কর্তৃক নির্দিষ্ট লক্ষ্যমাত্রা পূরণ করা সাপেক্ষে ও সন্তোষজনক কাজের ভিত্তিতে চুক্তিভিত্তিক চাকরির মেয়াদ ০৩ (তিন) বছর অন্তর অন্তর নবায়ন করত: সর্বোচ্চ ৬০ (ষাট) বছর বয়স পর্যন্ত বৃদ্ধি হতে পারে।

১. **পদের নাম** : এসিসট্যান্ট একাউন্ট্যান্ট।

২. **পদ সংখ্যা** : ২৫ (পঁচিশ) টি। তবে সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। এ লক্ষ্যে প্রয়োজনে প্যানেল সংরক্ষণ করা হতে পারে।

৩. **শিক্ষাগত যোগ্যতা**: ব্যবসায় শিক্ষা/ বাণিজ্য বিষয়ে স্নাতক বা সমতুল্য ডিগ্রি। কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি বা সমতুল্য গ্রহণযোগ্য নয়। ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সফটওয়্যার বিষয়ে জ্ঞান থাকা আকাঙ্ক্ষিত হলেও অত্যাবশ্যক নয়। কম্পিউটার পরিচালনার যোগ্যতা থাকতে হবে।

৪. **দায়িত্ব**: দপ্তরের এপিপি ও বাজেট, অগ্রদত্ত তহবিল, বেতন-ভাতা, ডিসিএস, অগ্রিম আয়কর ও ভ্যাট, ব্যাংক রিকনসিলিয়েশন, বকেয়াধারী গ্রাহকদের নোটিশ প্রদান, MOD, অডিট আপত্তি নিষ্পত্তি, ঠিকাদার/ সরবরাহকারীর বিল প্রদান প্রভৃতি কার্যাবলী সম্পাদনে সহায়তা প্রদান এবং দাপ্তরিক আর্থিক রেকর্ড-পত্রাদি যথাযথভাবে সংরক্ষণ ও একাউন্টিং সফটওয়্যারে এন্ট্রি করা এবং চাহিদামত তথ্য সরবরাহসহ কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

৫. **বেতন ও অন্যান্য ভাতাদি**:

| পদবী | বেতন গ্রেড | মূল বেতন (টাকা) | বাড়ি ভাড়া ভাতা | যাতায়াত ভাতা (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) |
|---|---|---|---|---|---|
| এসিসট্যান্ট একাউন্ট্যান্ট | ডিপিডিসি'র বেতন গ্রেড-১১ | মাসিক ৳ ২৫,০০০/- | মূল বেতনের ৬০% তবে নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় মূল বেতনের ৫০% | মাসিক ৳ ৩,০০০/- | মূল বেতনের ১০% হারে অথবা ন্যূনতম ৳ ২,০০০/- |

তাছাড়া প্রতি বছর দুইটি উৎসব বোনাস, বাংলা নববর্ষ ভাতা, কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, গ্রুপ ইন্স্যুরেন্স ও ছুটি নগদায়ন সুবিধাসহ কোম্পানির প্রচলিত নিয়মে নির্ধারিত অন্যান্য সুবিধাদি এবং চাকরি সমাপনান্তে গ্র্যাচুইটি ও কোম্পানির বিধি অনুযায়ী সংশ্লিষ্ট সুবিধাদি প্রাপ্য হবেন। এমপ্লয়ী নিজে তার আয়কর জমা প্রদানে বাধ্য থাকবেন।

৬. **শর্তাবলী:**

৬.১) প্রার্থীর বয়স ১৮-৩০ বছর (০৬.১০.২০২২খ্রি. তারিখে) এর মধ্যে হতে হবে। কোনক্রমেই জন্মতারিখ/ বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যার জন্য বয়স ১৮-৩২ বছর (০৬.১০.২০২২খ্রি. তারিখে)। ডিপিডিসি'র নিজস্ব এমপ্লয়ী প্রার্থীদের জন্য আবেদনের বয়সসীমা চাকুরিবিধি অনুযায়ী শিথিলযোগ্য।

৬.২) সততা, সাহসিকতা এবং পারস্পরিক সমন্বয়ে কাজ করায় দক্ষ হতে হবে।

৬.৩) প্রার্থীকে কোম্পানির আওতাধীন যে কোনো এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে এবং বাধ্যতামূলক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

৬.৪) নিয়োগের বিষয়ে যে কোনো ধরণের তদবির, অবৈধ যোগাযোগ প্রচেষ্টার জন্য প্রার্থীর আবেদনপত্র বাতিল হতে পারে। আবেদনের গ্রহণযোগ্যতা বা অন্যান্য বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত ।

৬.৫) আগ্রহী প্রার্থীগণ ডিপিডিসির 'ওয়েবসাইট' www.dpdc.gov.bd- এর মাধ্যমে 'অনলাইন' পদ্ধতিতে আবেদন দাখিল করবেন। এক্ষেত্রে নির্দিষ্ট ফর্মে নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সাইজের প্রার্থীর ছবি, স্বাক্ষর ও সনদপত্র সংযুক্ত করতে হবে। প্রার্থীকে Rocket (DBBL Mobile Banking) অথবা NAGAD মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১,০০০/-টাকা (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করে আগামি ০৬.১০.২০২২ খ্রি. তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে। এক্ষেত্রে ডিপিডিসির 'ওয়েবসাইট' www.dpdc.gov.bd-এ প্রদত্ত প্রয়োজনীয় নির্দেশনা অনুসরণ করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

ডেপুটি জেনারেল ম্যানেজার
এমপ্লয়ী ম্যানেজমেন্ট (আডমিনিসট্রেইশন), হিউম্যান রিসোর্সেস, ডিপিডিসি
বিদ্যুৎ ভবন (৪র্থ তলা), ১, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।

Form no.: HR/RSA/03/428

# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

## DHAKA POWER DISTRIBUTION COMPANY LTD.

(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)

Website: www.dpdc.gov.bd

স্মারক নং- ৮৭.৪০৪.৪০১.১২.০১.০০২.২০২২.২০৭

তারিখ: ৩০ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) একটি সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে এর নির্ধারিত ভৌগোলিক এলাকায় বিদ্যুৎ সরবরাহ, পরিচালন ও সংরক্ষণ এবং বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে। কোম্পানির নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক [প্রতিবার চুক্তি সর্বোচ্চ ০৩ বছরের জন্য (প্রথমবার এক বছর শিক্ষানবীশ কালসহ)] নিয়োগের লক্ষ্যে সৎ, নিবেদিত, উদ্যোগী, প্রতিকূল অবস্থায় চ্যালেঞ্জ গ্রহণে আগ্রহী এবং কোম্পানি কর্তৃক নির্ধারিত কাজ করার মানসিকতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। সংস্থা কর্তৃক নির্দিষ্ট লক্ষ্যমাত্রা পূরণ করা সাপেক্ষে ও সন্তোষজনক কাজের ভিত্তিতে চুক্তিভিত্তিক চাকরির মেয়াদ ০৩ (তিন) বছর অন্তর অন্তর নবায়ন করত: সর্বোচ্চ ৬০ (ষাট) বছর বয়স পর্যন্ত বৃদ্ধি হতে পারে।

১. **পদের নাম** : সিনিয়র একাউন্টস এসিসট্যান্ট।

২. **পদ সংখ্যা** : ২৫ (পঁচিশ)। তবে সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। এ লক্ষ্যে প্রয়োজনে প্যানেল সংরক্ষণ করা হতে পারে।

৩. **শিক্ষাগত যোগ্যতা**: ব্যবসায় শিক্ষা/ বাণিজ্য বিষয়ে স্নাতক বা সমতুল্য ডিগ্রি। কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি বা সমতুল্য গ্রহণযোগ্য নয়। ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সফটওয়্যার বিষয়ে জ্ঞান থাকা আকাঙ্ক্ষিত হলেও অত্যাবশ্যক নয়। কম্পিউটার পরিচালনার যোগ্যতা থাকতে হবে।

৪. **দায়িত্ব**: দপ্তরের ক্যাশবুক ব্যবস্থাপনা, অগ্রদত্ত তহবিল, বেতন-ভাতা, খুচরা/ নগদ ক্রয়, ডিসিএস, অগ্রিম আয়কর ও ভ্যাট, ব্যাংক রিকনসিলিয়েশন, ব্যাংক লেনদেন, অডিট আপত্তি নিষ্পত্তি, ঠিকাদার/ সরবরাহকারীর বিল প্রদান প্রভৃতি কার্যাবলী সম্পাদনে সহায়তা প্রদান এবং দাপ্তরিক আর্থিক রেকর্ড-পত্রাদি যথাযথভাবে সংরক্ষণ এবং চাহিদামত তথ্য সরবরাহসহ কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

**৫. বেতন ও অন্যান্য ভাতাদি:**

| পদবী | বেতন গ্রেড | মূল বেতন (টাকা) | বাড়ি ভাড়া ভাতা | যাতায়াত ভাতা (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) |
|---|---|---|---|---|---|
| সিনিয়র একাউন্টস এসিসট্যান্ট | ডিপিডিসি'র বেতন গ্রেড-১২ | মাসিক ৳ ২৪,০০০/- | মূল বেতনের ৬০% তবে নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় মূল বেতনের ৫০% | মাসিক ৳ ৩,০০০/- | মূল বেতনের ১০% হারে অথবা ন্যূনতম ৳ ২,০০০/- |

তাছাড়া প্রতি বছর দুইটি উৎসব বোনাস, বাংলা নববর্ষ ভাতা, কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, গ্রুপ ইন্সুরেন্স ও ছুটি নগদায়ন সুবিধাসহ কোম্পানির প্রচলিত নিয়মে নির্ধারিত অন্যান্য সুবিধাদি এবং চাকরি সমাপনান্তে গ্র্যাচুইটি ও কোম্পানির বিধি অনুযায়ী সংশ্লিষ্ট সুবিধাদি প্রাপ্য হবেন। এমপ্লয়ী নিজে তার আয়কর জমা প্রদানে বাধ্য থাকবেন।

**৬. শর্তাবলী:**

৬.১) প্রার্থীর বয়স ১৮-৩০ বছর (০৬.১০.২০২২ খ্রি. তারিখে) এর মধ্যে হতে হবে। কোনক্রমেই জন্মতারিখ/ বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যার জন্য বয়স ১৮-৩২ বছর (০৬.১০.২০২২ খ্রি. তারিখে)। ডিপিডিসি'র নিজস্ব এমপ্লয়ী প্রার্থীদের জন্য আবেদনের বয়সসীমা চাকুরিবিধি অনুযায়ী শিথিলযোগ্য।

৬.২) সততা, সাহসিকতা এবং পারস্পরিক সমন্বয়ে কাজ করায় দক্ষ হতে হবে।

৬.৩) প্রার্থীকে কোম্পানির আওতাধীন যে কোনো এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে এবং বাধ্যতামূলক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

৬.৪) নিয়োগের বিষয়ে যে কোনো ধরণের তদবির, অবৈধ যোগাযোগ প্রচেষ্টার জন্য প্রার্থীর আবেদনপত্র বাতিল হতে পারে। আবেদনের গ্রহণযোগ্যতা বা অন্যান্য বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

৬.৫) আগ্রহী প্রার্থীগণ ডিপিডিসির 'ওয়েবসাইট' www.dpdc.gov.bd- এর মাধ্যমে 'অনলাইন' পদ্ধতিতে আবেদন দাখিল করবেন। এক্ষেত্রে নির্দিষ্ট ফর্মে নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সাইজের প্রার্থীর ছবি, স্বাক্ষর ও সনদপত্র সংযুক্ত করতে হবে। প্রার্থীকে Rocket (DBBL Mobile Banking) অথবা NAGAD মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১,০০০/-টাকা (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করে আগামি ০৬.১০.২০২২ খ্রি. তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে। এক্ষেত্রে ডিপিডিসির 'ওয়েবসাইট' www.dpdc.gov.bd-এ প্রদত্ত প্রয়োজনীয় নির্দেশনা অনুসরণ করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

ডেপুটি জেনারেল ম্যানেজার
এমপ্লয়ী ম্যানেজমেন্ট (আডমিনিসট্রেইশন), হিউম্যান রিসোর্সেস, ডিপিডিসি
বিদ্যুৎ ভবন (৪র্থ তলা), ১, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।

Form no.: HR/RSA/03/428